



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০

www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০১৪.১৮-

৩২৩

তারিখ: ০৮.০৮.২০১৯খ্রি.

বিষয়: ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার মুক্তাগাছা আকাছিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দ (ইনডেক্স নং ৩৪৬৭২৫) এর বকেয়া বেতন ভাতা (১৬,১৬,২৮৭ টাকা) প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) মুক্তাগাছা আকাছিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদন।

(২) মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং ৭৫৬৬/২০০৭ মামলার ২০.০১.২০১১ খ্রি. তারিখে প্রদত্ত রায়।

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের আইন সেল এর স্মারক নং-শিম/আইন সেল(রায় বাস্তব)-১৮/২০০৯(অংশ)/২৩১ তারিখ: ০৬.০২.২০১২ খ্রি.

(৪) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১জি-১৬০৪বিঃ/১০/২২৫২/২-বিশেষ তারিখ: ২৯.০৩.২০১২ খ্রি.

(৫) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৭.০১৪.১৮-৩৪/১ তারিখ: ১৭.০১.২০১৯ খ্রি.

(৬) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৪১.০০২.১৯-৬৯ তারিখ: ২২.০৫.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার মুক্তাগাছা আকাছিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দ (ইনডেক্স নং ৩৪৬৭২৫) ০৮.১২.২০০৫খ্রি. তারিখে মুহাদ্দিস (সহকারী অধ্যাপক) পদে যোগদান করেন মর্মে সূত্রে বর্ণিত (১) স্মারক মতে জানা যায়।

০২. যোগদানের পর মুহাদ্দিস হিসেবে এমপিও প্রাপ্তিতে বিলম্বের কারণে জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দ সহ ৩ জন মুহাদ্দিস (অপর ২ জন ভিন্ন মাদ্রাসার) সংক্ষুদ হয়ে প্রতিকার চেয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৭৫৬৬/২০০৭ দায়ের করেন।

০৩. সূত্রে বর্ণিত (১) স্মারক মতে আরও জানা যায় যে, জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দ (ইনডেক্স নং ৩৪৬৭২৫) এর বর্তমান মাদ্রাসায় মুহাদ্দিস হিসেবে ০১.০১.২০১১খ্রি. তারিখ থেকে এমপিওভুক্ত হয়। কিন্তু মুহাদ্দিস এর জন্য প্রাপ্য বেতন কোড ০৬ এর পরিবর্তে ০৮ কোডে এমপিওভুক্ত হয়।

০৪. মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং ৭৫৬৬/২০০৭ মামলার ২০.০১.২০১১ খ্রি. তারিখে প্রদত্ত রায়ে মামলার বাদী জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দ সহ ৩ জন মুহাদ্দিসকে (অপর ২ জন ভিন্ন মাদ্রাসার) তাঁদের স্ব স্ব যোগদানের তারিখ থেকে এমপিওভুক্ত করার জন্য নির্দেশনা দেয়।

০৫. মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং ৭৫৬৬/২০০৭ মামলার ২০.০১.২০১১ খ্রি. তারিখে প্রদত্ত রায়ের আলোকে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয়ের আইন সেল সূত্রে বর্ণিত (৩)নং স্মারক মতে ৩জন পিটিশনারকে(জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দ সহ) তাঁদের স্ব স্ব যোগদানের তারিখ থেকে এমপিওভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং তা বাস্তবায়নের জন্য মহাপরিচালক, মাউশি-তে পত্র প্রদান করা হয়।

০৬. পরবর্তীতে অনলাইন আবেদনের মাধ্যমে মে-২০১৮ মাস থেকে জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দ মুহাদ্দিস হিসেবে ০৬ নং বেতন কোডে বেতন-ভাতা পেয়ে আসছেন।

০৭. বর্ণিত অবস্থায় মুক্তাগাছা আকাছিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দ (ইনডেক্স নং ৩৪৬৭২৫) তাঁর যোগদানের তারিখ ০৮.১২.২০০৫খ্রি. থেকে ৩১.১২.২০১০খ্রি. তারিখ পর্যন্ত পূর্ণ বকেয়া এবং ০১.০১.২০১১খ্রি. থেকে ৩০.০৪.২০১৮খ্রি. পর্যন্ত(মুহাদ্দিস-এর প্রাপ্য স্কেল ৬ না পেয়ে ৮ কোডে বেতন পাওয়ায়) আংশিক বকেয়াসহ মোট ১৬,১৬,২৮৭(ষোল লক্ষ ষোল হাজার দুইশত সাতাশ)টাকা বকেয়া হিসেবে প্রাপ্য মর্মে প্রতীয়মান হয়।

০৮. সূত্রে বর্ণিত ৬ নং স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬.০২.২০১২খ্রি. তারিখের ২৩১ নং স্মারকে রিট পিটিশন নং-৭৫৬৬/২০০৭ এর ২০.০১.২০১১ তারিখের প্রদত্ত রায় মোতাবেক পিটিশনারকে এমপিওভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে বলা হলেও তাঁর বেতন-ভাতা বকেয়া থাকার বিষয়টি বোধগম্য না হওয়ায় তা স্পষ্টীকরণের জন্য অত্র অধিদপ্তরকে পত্র দেয়া হয়।

০৯. সূত্রে বর্ণিত ৬ নং স্মারকের জবাবে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং ৭৫৬৬/২০০৭ মামলার ২০.০১.২০১১ খ্রি. তারিখে প্রদত্ত রায়ের আলোকে পিটিশনারকে এমপিওভুক্ত করা হয় কিন্তু মুহাদ্দিস এর জন্য প্রাপ্য বেতন কোড ০৬ এর পরিবর্তে ০৮ কোডে এমপিওভুক্ত হয়। অন্যদিকে ০৮.১২.২০০৫খ্রি. তারিখে মুহাদ্দিস (সহকারী অধ্যাপক) পদে যোগদান করলেও কোন বকেয়া ছাড়াই জানুয়ারি ২০১১ মাসে নিম্নকোডে (৬ কোডের স্থলে ৮ কোডে) এমপিওভুক্ত করা হয়।

১০. এমতাবস্থায় মুক্তাগাছা আকাছিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস জনাব মোঃ মোজাম্মেল হক আকন্দকে (ইনডেক্স নং ৩৪৬৭২৫) তাঁর যোগদানের তারিখ ০৮.১২.২০০৫খ্রি. থেকে ৩১.১২.২০১০খ্রি. তারিখ পর্যন্ত পূর্ণ বকেয়া এবং ০১.০১.২০১১খ্রি. থেকে ৩০.০৪.২০১৮খ্রি. পর্যন্ত আংশিক বকেয়াসহ মোট ১৬,১৬,২৮৭ (ষোল লক্ষ ষোল হাজার দুইশত সাতাশ)টাকা বকেয়া হিসেবে প্রদান করার বিষয়ে সদয় নির্দেশনা প্রদান করার জন্য মহোদয়কে পূরণায় বিনীত অনুরোধ করা হলো।


সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব(মাদ্রাসা-২)]


(সফিউদ্দিন আহমদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৪১০৩০১৫৯